

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ থেকে ১০০ কেজি গাঁজা উদ্ধার



অদ্য ১৪/০৭/১৬ইং তারিখ ভোর ৪.৩০ ঘটিকায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর পরিদর্শক মোঃ ইলিয়াস হোসেন তালুকদার এর নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে জেলার অন্যান্য স্টাফসহ শিবগঞ্জ থানাধীন কমলাকান্তপুর ঘাটপাড়া গ্রামের কিয়ামত এর বাড়ীর উত্তর পার্শ্বে ঢাকা মেট্রো-ঘ-১১-১৪১২ নম্বরের পাজেরো

জীপ গাড়ীর ভিতর হতে ৫টি পাটের বস্তায় মোট ১০০ (একশত) কেজি গাঁজা উদ্ধার ও গাড়ী জব্দ করা হয়। গাড়ী হতে পালিয়ে যাওয়া ০৩(তিন)জনকে আসামী করে শিবগঞ্জ থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। উক্ত অভিযানে সার্বিক তত্ত্বাবধানে ছিলেন অত্র কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আলমগীর হোসেন।